গতিবিদ্যা: সময়ের সাথে সাথে পারিপার্শ্বিক কোনো বস্তুর সাপেক্ষে কোনো বস্তুর অবস্থান পরিবর্তন হলে তাকে গতিশীল বলা হয়। বলবিদ্যার যে অংশে বলের ক্রিয়াধীন বস্তুর গতিশীল অবস্থা নিয়ে আলোচনা করা হয় তাকে গতিবিদ্যা বলা হয়।

❒ বস্তুর গতি সমতল, অসমতল, সরলরৈখিক কিংবা বক্ররৈখিক হতে পারে।

CONCEPT 01 ➧ সরলরেখায় চলমান কণার গতি সম্পর্কিত সমস্যাবলী

Technique:

i. $v = u + ft$

ii. $s = ut + \frac{1}{2}ft^2$

iii. $v^2 = u^2 + 2fs$

iv. $s = \left(\frac{u+v}{2}\right)t$

v. সমবেগের ক্ষেত্রে $s = vt$

MODEL EXAMPLE-01 : একটি গাড়ি স্থিরাবস্থা হতে সমত্বরণে চলা শুরু করে 5 সেকেন্ডে 180 মি/সে. গতিবেগ প্রাপ্ত হল। গাড়িটির ত্বরণ কত?

GENERAL RULES & TIPS

$u = 0, t = 5s \quad v = 180$ m/s

$\therefore a = \frac{v-u}{t} = \frac{180}{5} = 36\ ms^{-2}$

বিডিনিউজ.কম

MODEL EXAMPLE-02 : একটি গাড়ী সমত্বরণে 30 km/hr আদিবেগে 100 km পথ অতিক্রম করে 50 km/hr চূড়ান্ত বেগ প্রাপ্ত হয়। গাড়িটির ত্বরণ কত?

GENERAL RULES & TIPS

$a = \frac{v^2 - u^2}{2s} = \frac{50^2 - 30^2}{2\ 100} = 8\ km/hr^2$

MODEL EXAMPLE-03 : একটি ট্রেন 22.5 m/s গতিবেগ নিয়ে যাত্রা করে 10 sec এ 325 m গেল। এর ত্বরণ কত?

GENERAL RULES & TIPS

$s = ut + \frac{1}{2}ft^2 = 325 = 22.5 \times 10 + \frac{1}{2}f \times 10^2$

$\therefore f = 2\ ms^{-2}$

NOW PRACTICES

01. একটি গাড়ী স্থিরাবস্থা থেকে সমত্বরণে চলা শুরু করে 4 sec এ 36 m/s গতিপ্রাপ্ত হল। গাড়িটির ত্বরণ কত? **Ans. 9 ms^{-2}**
02. 6 ms^{-2} সুষম ত্বরণে চলন্ত কোন জাহাজ একটি স্থির জেলে নৌকাকে অতিক্রম করার 20 sec পর জাহাজ ও নৌকার দূরত্ব হয় 3 km। নৌকাটি অতিক্রম করার সময় জাহাজের বেগ কত? **Ans. 90 ms^{-1}**
03. 2 ms^{-2} মন্দন সৃষ্টি করে একটি গাড়িকে 44 m দূরত্বে থামানো হল। গাড়িটির আদিবেগ কত? **Ans. 13.27 ms^{-1}**
04. একটি গাড়ি স্থির অবস্থা থেকে সচল হয়ে 4 ms^{-2} ত্বরণে চলতে লাগল। গাড়িটি কত সময়ে 200 m দূরত্ব অতিক্রম করবে? **Ans. 10 sec**

CONCEPT 02 ➧ উলম্বে নিক্ষি/ পড়ন্ত বস্তুর গতি

উলম্ব গতির ক্ষেত্রে-

i. $v = u \pm gt$
ii. $h = ut \pm \frac{1}{2}gt^2$
iii. $v^2 = u^2 \pm 2gh$
iv. উত্থানকাল = পতনকাল

Note: A. বস্তু উপর হতে নিচে পড়লে '+' এবং নিচ হতে উপরে উঠলে '–' হবে।
B. পড়ন্ত বস্তুর ক্ষেত্রে u = 0 হবে।

MODEL EXAMPLE-01 : একটি বস্তুকে 64 fts^{-1} বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো।

(i) এটি সর্বোচ্চ কত উচ্চতায় উঠবে?
(ii) সর্বোচ্চ উচ্চতায় উঠতে কত সময় লাগে?
(iii) কত সময় পর এটি ভূমিতে ফিরে আসবে?
(iv) 2 সে. পর এর বেগ কত হবে?
(v) 3 সে. পর এটি কত উচ্চতায় উঠবে?
(vi) ২য় সে. এটি কতটুকু উঠবে?

GENERAL RULES & TIPS

(i) সর্বোচ্চ উচ্চতা, $H = \frac{u^2}{2g} = \frac{(64)^2}{2 \times 32} = 64$ ft

(ii) $t = \frac{u}{g} = \frac{64}{32} = 2$ সে.

(iii) $T = \frac{2u}{g} = \frac{2 \times 64}{32} = 4$ সে.

(iv) 2 সে. পর এর বেগ $v = u - gt = 64 - 32 \times 2 = 0$

(v) 3 সে. পর অতিক্রান্ত দূরত্ব, $h = ut - \frac{1}{2}gt^2 = 64 \times 3 - \frac{1}{2} \times 32 \times 3^2 = 48$ ft

(vi) ২য় সে. অতিক্রান্ত উচ্চতা, $h = u - \frac{1}{2}g(2t - 1) = 64 - \frac{1}{2} \times 32(2 \times 2 - 1) = 16$ ft

NOW PRACTICES

01. একটি বস্তু 9.8 m/s বেগে 30° কোণে 9.8 m বাড়ির ছাদের উপর থেকে নিক্ষেপ করা হলো। কতক্ষণ পর বস্তুটি ভূমিতে পড়বে? **Ans. 1 sec**
02. একটি গাড়ি স্থিরাবস্থা হতে সমত্বরণে চলা শুরু করে 5s এ 75 m/s গতিবেগ প্রাপ্ত হয়। গাড়িটির ত্বরণ কত? **Ans. 15 m/s^2**
03. একটি কণা আনুভূমিক তল থেকে 78.4 m উঁচু কোন স্থান থেকে আনুভূমিকভাবে প্রক্ষেপ করা হয় এবং t সময় পরে তা ঐ আনুভূমিক তলে ফিরে আসে। t এর মান কত? **Ans. 4 sec**

বিডিনিয়োগ.কম

CONCEPT 03 ➧ h উচ্চতা হতে উর্ধ্বে নিক্ষিপ্ত বস্তুর গতি

i. ভূমির উর্ধ্বে h উচ্চতা হতে u বেগে উলম্বভাবে উপরে নিক্ষিপ্ত একটি বস্তু কণা t সময়ে ভূমিতে v বেগে পতিত হলে–
A. $h = -ut + \frac{1}{2}gt^2$ (ii) $v = -u + gt$

ii. পড়ন্ত বস্তু পতনের শেষ t sec এ h দূরত্ব অতিক্রম করলে পতনের মোট সময় $= \left(\frac{t}{2} + \frac{h}{gt}\right)$ sec

MODEL EXAMPLE-01 : একটি বালক একটি বাড়ির ছাদ হতে একটি বলকে 5 ms^{-1} বেগে গড়িয়ে দিল। বলটি 3 সে. পর ভূপতিত হলে, বাড়ির উচ্চতা কত?

GENERAL RULES & TIPS

$h = -ut + \frac{1}{2}gt^2$

$= -5 \times 3 + \frac{1}{2} \times 9.8 \times 3^2 = 29.1$ m

MODEL EXAMPLE-02 : একটি পাথর একটি টাওয়ারের ছাদ থেকে সোজাসুজি উপরের দিকে ছোড়া হল। পাথরটি 10 সেকেন্ড পর 51 m/s বেগে মাটিতে পড়ল। টাওয়ারের উচ্চতা কত?

GENERAL RULES & TIPS

$v = -u + gt \Rightarrow u = gt - v = 9.8 \times 10 - 51 = 47\ ms^{-1}$

$\therefore h = -ut + \frac{1}{2}gt^2 \Rightarrow -47 \times 10 + \frac{1}{2} \times 9.8 \times 10^2 = -470 + 490 = 20$ m

MODEL EXAMPLE-03 : একটি খাড়া টাওয়ারের শীর্ষবিন্দু হতে একটি পাথর নিচে ছেড়ে দেয়া হল। পাথরটি শেষতম সেকেন্ডে 20 m দূরত্ব অতিক্রম করে। টাওয়ারের উচ্চতা কত?

GENERAL RULES & TIPS

টাওয়ারের উচ্চতা h হলে, পতনের মোট সময়- $\left(\frac{t}{2} + \frac{h}{gt}\right) = \left(\frac{1}{2} + \frac{20}{9.8 \times 1}\right)$ sec = 2.54 sec $\therefore h = \frac{1}{2}gt^2 = \frac{1}{2} \times 9.8 \times 2.54^2 = 31.61$ m

NOW PRACTICES

01. 10 m/s বেগে খাড়া উর্ধ্বগামী একটি বেলুন থেকে একখন্ড পাথর ফেলে দেয়া হলো। পাথর খন্ডটি 10 সেকেন্ডে ভূমিতে পতিত হলে, কত মিটার উচ্চতা থেকে পাথর খন্ডটি ফেলা হয়েছে? **Ans. 390 m**
02. 20 m/s বেগে উর্ধ্বগামী কোন বেলুন থেকে পতিত এক টুকরা পাথর 20 সেকেন্ড পরে মাটিতে পড়ল। পাথরের টুকরা পতিত হওয়ার সময় বেলুনের উচ্চতা কত ছিল। **Ans. 1560 m**

CONCEPT 04 ♦ t-তম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব

i. t-তম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব $S_{th} = u + \frac{1}{2}f(2t - 1)$

ii. আদিবেগসহ কোন বস্তু সমত্বরণে t_1-তম সেকেন্ডে s_1 ও t_2-তম সেকেন্ডে s_2 দূরত্ব অতিক্রম করলে ত্বরণ $a = \frac{s_1 - s_2}{t_1 - t_2}$

MODEL EXAMPLE-01 : একটি কণা স্থির অবস্থা হতে 10 ms^{-2} ত্বরণে চলতে শুরু করে 8 তম সেকেন্ডে কণাটির অতিক্রান্ত দূরত্ব কত?

GENERAL RULES & TIPS

$s_{tu} = u + \frac{1}{2}f(2t - 1) = 0 + \frac{1}{2} \times 10\ (2 \times 8 - 1) = 5 \times 15 = 75$ m

MODEL EXAMPLE-02 : একটি বিন্দু সমত্বণে সরলরেখা বরাবর চলে 12তম সেকেন্ডে 72 সে.মি. এবং 20 তম সেকেন্ডে 120 সে.মি. দূরত্ব অতিক্রম করে। বিন্দুটির আদিবেগ ও ত্বরণ নির্ণয় কর।

GENERAL RULES & TIPS

$a = \frac{s_2 - s_1}{t_2 - t_1} = \frac{170 - 72}{20 - 12} = 6\ cm/s^2$

$s_{12\,tu} = 72 = u + \frac{1}{2} \times 6(2.12 - 1) = 3$ cm/s

বিডিমিরাকল.কম

NOW PRACTICES

01. স্থির অবস্থা হতে একটি বস্তু 5 ms^{-2} সমত্বরণে চলা শুরু করল। সপ্তম সেকেন্ডে এটি কত দূরত্ব অতিক্রম করবে? **Ans. 32.5 m**
02. একটি বিন্দু সমত্বণে সরলরেখা বরাবর চলে 7তম সেকেন্ডে 60 m এবং 12তম সেকেন্ডে 120 m দূরত্ব অতিক্রম করে। বিন্দুটির ত্বরণ নির্ণয় কর। **Ans. 12 m**

CONCEPT 05 ♦ প্রাসের গতি সংক্রান্ত সমস্যাবলী

❒ **প্রক্ষেপক/ প্রাস:**

আনুভূমিকের সাথে কোন বস্তুকে তীর্যকভাবে শূন্যে নিক্ষেপ করা হলে ঐ নিক্ষিপ্ত বস্তুকে প্রাস/ প্রক্ষেপক বলে।

→ যে বিন্দু হতে বস্তুকে নিক্ষেপ করা হয় তাকে প্রক্ষেপক বিন্দু বলে এবং যে বেগে নিক্ষেপ করা হয় তাকে নিক্ষেপন বেগ বলে।

❒ **প্রাসের গতি:**

O বিন্দু হতে একটি প্রাসকে u আদিবেগে আনুভূমিকের সাথে α কোণে নিক্ষেপ করলে প্রাসটি t সময় পর P(x,y) বিন্দুতে এসে v বেগ প্রাপ্ত হলে-



→ X-অক্ষ বরাবর u এর উপাংশ = $u\cos\alpha$

→ Y - " " u " " = $u\sin\alpha$

❒ কোন বস্তুকে u আদিবেগে আনুভূমিকের সাথে α কোণে নিক্ষেপ করলে-

i. উত্থানকাল $t_1 = \frac{u\sin\alpha}{g}$

ii. পতনকাল $t_2 = \frac{u\sin\alpha}{g}$

iii. বিচরণকাল/উড্ডয়নকাল $T = t_1 + t_2 = \frac{2u\sin\alpha}{g}$

iv. সর্বাধিক উচ্চতা, $H = \frac{u^2\sin^2\alpha}{2g}$

v. আনুভূমিক পাল্লা, $R = \frac{u^2\sin2\alpha}{g}$

vi. সর্বাধিক আনুভূমিক পাল্লা $R_{max} = \frac{u^2}{g}$ [যখন $\alpha = 45°$]

অর্থাৎ কোন বস্তুকে আনুভূমিকের সাথে 45° কোণে নিক্ষেপ করা হলে বস্তুর পাল্লা সর্বাধিক হবে।

vii. আনুভূমিক দূরত্ব, $x = u\cos\alpha t$ [$s = ut + \frac{1}{2}gt^2$ সূত্র হতে এবং আনুভূমিক দিকে $g = 0$]

viii. উলম্ব দূরত্ব $y = u\sin\alpha t - \frac{1}{2}gt^2$

ix. α কোণে নিক্ষিপ্ত কোন প্রাস আনুভূমিক x দূরত্বে অবস্থিত y উচ্চতায় কোন বস্তুকে আঘাত করলে, $y = x\tan\alpha - \frac{gx^2}{2u^2\cos^2\alpha}$

MODEL EXAMPLE-01 : 49 ms^{-1} বেগে ভূমির সাথে 60° কোণে একটি বস্তুকে শূন্যে নিক্ষেপ করা হলো। এটা সর্বোচ্চ কত উপরে উঠবে? এতে কত সময় লাগবে? কত সময় পর এটা ভূমিতে পতিত হবে? এর অনুভূমিক পাল্লা কত হবে?

GENERAL RULES	3 in 1 SHORTCUT TRICKS & TIPS
সর্বাধিক উচ্চতা $H = \frac{v_0^2\sin^2\theta}{2g} = \frac{(49)^2 \times (\sin 60°)^2}{2 \times 9.8} = 91.87$ m সর্বোচ্চ উচ্চতায় উঠতে t_m সময় লাগলে $t_m = \frac{v_0\sin\theta}{g} = \frac{49 \times \sin 60°}{9.8} = 4.33$ sec ভূমিতে আসার সময় T হলে $T = \frac{2v_0\sin\theta}{g} = \frac{2 \times 49 \times \sin60°}{9.8} = 8.66$ sec পাল্লা, $R = \frac{v_0^2\sin2\theta}{g} = \frac{(49)^2 \times \sin(2 \times 60°)}{9.8} = 212.18$ m	এখানে, নিক্ষেপণ বেগ, $v_0 = 49\ ms^{-1}$ নিক্ষেপণ কোণ, $\theta = 60°$ অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8\ ms^{-2}$

MODEL EXAMPLE-02 : একটি পাহাড়ের চূড়া থেকে 60 ms^{-1} বেগে আনুভূমিক দিকে নিক্ষিপ্ত একখন্ড পাথর পাহাড়ের পাদদেশ হতে 45 m দূরত্বে মাটিতে পড়ে। পাহাড়ের উচ্চতা কত?

GENERAL RULES & TIPS
আনুভূমিক দূরত্ব $x = vt \Rightarrow t = \frac{x}{v} = \frac{45}{60} = 0.75$ s পাহাড়ের উচ্চতা $h = \frac{1}{2}gt^2 = \frac{1}{2} \times 9.8 \times (0.75)^2 = 2.75$ m

বিডিনিয়োগ.কম

MODEL EXAMPLE-03 : রোনাল্ডো 11 ms^{-1} বেগে ভূমির সাথে 60° বেগে একটি বল কিক করল। এটি 10 m দূরে কোন গোল পোস্টকে কত উচ্চতায় আঘাত করবে?

GENERAL RULES & TIPS

উচ্চতা, $y = x\tan\alpha - \frac{gx^2}{2u^2\cos^2\alpha} = 10\tan60° - \frac{9.8 \times 10^2}{2 \times 11^2 \times \cos^2 60°}$ $\therefore$ $y = 1.12$ m

NOW PRACTICES

❒ বিভিন্ন এককে অভিকর্ষজ ত্বরণ g এর মান-

C.G.S পদ্ধতি	F.P.S পদ্ধতি	M.K.S পদ্ধতি
$g = 981$ cm/sec^2	$g = 32$ ft/sec^2	$g = 9.81$ m/sec^2

01. 32 ft/s আদিবেগে এবং ভূমির সাথে 30° কোণে একটি বস্তু নিক্ষেপ করা হলো। ইহার ভ্রমনকাল এবং আনুভূমিক পাল্লা কত? **Ans. 1s & $16\sqrt{3}$ ft**
02. 29.4 m বেগে খাড়া উপরের দিকে একটি বস্তু নিক্ষেপ করলে তার সর্বোচ্চ উচ্চতা কত? **Ans. 44.1 m**
03. একটি প্রক্ষেপককে 30 m/s আদিবেগে নিক্ষেপ করা হলো যেখানে $g = 10$ m/s^2। প্রক্ষেপকটির সর্বাধিক আনুভূমিক পাল্লা কত? **Ans. 90 m**
04. একটি টাওয়ারের শীর্ষবিন্দু থেকে ভূমির সমান্তরালে 50 ms^{-1} বেগে নিক্ষিপ্ত একটি বস্তু, এর পাদদেশ হতে 335 m দূরে ভূমিতে পতিত হয়। টাওয়ারের উচ্চতা কত? **Ans. 219.96 m**
05. অনুভূমিকের সাথে 30° কোণ করে ভূ-পৃষ্ঠ হতে 40 ms^{-1} বেগে শত্রুপক্ষের একটি বিমানের দিকে একটি কামানের গোলা নিক্ষেপ করা হলো। গোলাটি 30 m দূরে অবস্থিত একটি দেয়ালকে কত উচ্চতায় আঘাত করবে? **Ans. 13.645 m**

CONCEPT 06 ♦ গুলি বা তক্তা সংক্রান্ত গাণিতিক প্রয়োগ

Technique:

1. বেগের মান = $\sqrt{\text{ভেদকৃত তক্তার সংখ্যা}}$
2. কোন গুলির বেগ n গুণ করা হলে গুলিটি n^2 টি তক্তা ভেদ করবে।
3. একটি বুলেট m সংখ্যক তক্তা ভেদ করতে পারে। যদি এর বেগ n গুণ করা হয়, তবে ঐ বুলেট দ্বারা মোট ভেদকৃত তক্তার সংখ্যা = $m \times n^2$
4. একটি বুলেট m সংখ্যক তক্তা ভেদ করতে পারে। ঐ বেগ বৃদ্ধির কারণে যদি ঐ বুলেট দ্বারা ভেদকৃত তক্তার সংখ্যা n হলে বুলেটটির বেগ $v = \sqrt{\frac{n}{m}}$ গুণ।
5. কোন গুলি একটি তক্তা ভেদ করতে তার বেগের $\frac{1}{n}$ অংশ হারালে থেমে যাবার পূর্বে সেটি মোট তক্তা ভেদ করতে = $\frac{n}{2}$ টি (দশমিক বাদ দিয়ে শুধু পূর্ণমান)।
6. একটি বুলেট কোন দেয়ালের মধ্যে s দূরত্ব যাওয়ার পর যদি এর বেগ $\frac{1}{n}$ অংশ হারায়, তবে ঐ বুলেট দ্বারা আরও অতিক্রান্ত দূরত্ব/ সরণ = $\frac{(n-1)^2}{2n-1} \times s$

Note: হারানো বেগ = $\frac{1}{2}$ বা আদিবেগের অর্ধেক হলে দূরত্ব/ সরণ = $\frac{s}{3}$

MODEL EXAMPLE-01 : একটি বুলেট একটি নির্দিষ্ট পুরুত্বের তক্তা ভেদ করতে পারে। যদি 25টি তক্তা ভেদ করতে পারে তবে তার বেগ কতগুণ করতে হবে?

SHORTCUT TRICKS & TIPS

বেগের মান = $\sqrt{\text{ভেদকৃত তক্তার সংখ্যা}} = \sqrt{25} = 5$

MODEL EXAMPLE-02 : v বেগ সম্পন্ন একটি বুলেট 4 cm পুরুত্বের একটি তক্তা ভেদ করতে পারে। বুলেটটির বেগ 5v করা হলে বুলেটটি অনুরুপ কয়টি তক্তা ভেদ করতে পারবে?

SHORTCUT TRICKS & TIPS

এখানে, n = 5; বুলেটটি তক্তা ভেদ করতে পারবে = $5^2 = 25$টি

MODEL EXAMPLE-03 : একটি বুলেট 3টি তক্তা ভেদ করতে পারে। এর বেগ 4 গুণ করা হলে এটি অনুরূপ কয়টি তক্তা ভেদ করতে পারবে?

SHORTCUT TRICKS & TIPS

তক্তার সংখ্যা = $m \times n^2 = 3 \times 4^2 = 48$ টি

বিডিনিয়োগ.কম

MODEL EXAMPLE-04 : একটি বুলেট 2টি তক্তা ভেদ করতে পারে। এর বেগ কতগুণ করলে এটি অনুরূপ 128 টি তক্তা ভেদ করতে পারবে?

SHORTCUT TRICKS & TIPS

বগ = $\sqrt{\frac{n}{m}} = \sqrt{\frac{128}{2}} = 8$ গুণ

MODEL EXAMPLE-05 : একটি বুলেট একটি তক্তা ভেদ করতে এর বেগের $\frac{1}{30}$ অংশ হারায়। মন্দন সুষম হলে। বুলেটটি থামার পূর্বে পরপর স্থাপিত অনুরূপ কতগুলো তক্তা ভেদ করবে।

SHORTCUT TRICKS & TIPS

তক্তার সংখ্যা $= \frac{30}{2} = 15$টি

MODEL EXAMPLE-06 : একটি বুলেট কোন দেয়ালের মধ্যে 5 cm প্রবেশ করার পর এর বেগ $\frac{1}{3}$ হারায়। বুলেটটি ঐ দেয়ালে আর কতদূর প্রবেশ করবে?

SHORTCUT TRICKS & TIPS

দূরত্ব $= \frac{(n-1)^2}{2n-1} \times s = \frac{(3-1)^2}{2.3-1} \times 5 = 4$ cm

MODEL EXAMPLE-07 : একটি বুলেট কোন দেয়ালের ভিতর 3″ ঢুকবার পর এর অর্ধেক বেগ হারায়। বুলেটটির বেগ শূন্য হবার পূর্বে বুলেটটি দেয়ালের ভিতর আর কতদূর ঢুকবে? বুলেটটি থেমে যাবার পূর্বে মোট কত দূরত্ব অতিক্রম করবে?

SHORTCUT TRICKS & TIPS

দূরত্ব $= \frac{s}{3} = \frac{3}{3} = 1''$

মোট দূরত্ব অতিক্রম করবে $= (3 + 1) = 4''$

NOW PRACTICES

01. একটি বুলেট কোন দেওয়ালের মধ্যে 2 ইঞ্চি ঢুকার পর এর অর্ধেক বেগ হারায়। বুলেটটি দেওয়ালের আরও কতদূর ঢুকবে? **Ans.** $\left(\frac{2}{3}\right)''$
02. একটি বুলেট কোন দেওয়ালের ভিতর 3 cm প্রবেশ করতে তার অর্ধেক বেগ হারায় বুলেটটির বেগ শূন্য হবার পূর্বে বুলেটটি দেওয়ালের ভিতর আর কতদূর প্রবেশ করবে? **Ans. 1 cm**
03. একটি বুলেট 4টি তক্তা ভেদ করতে পারে। এর বেগ 5 গুণ করা হলে এটি অনুরূপ কয়টি তক্তা ভেদ করতে পারবে? **Ans. 100 টি**
04. একটি বুলেট 5টি তক্তা ভেদ করতে পারে। এর বেগ কতগুণ করলে এটি অনুরূপ 125 টি তক্তা ভেদ করতে পারবে? **Ans. 5 গুণ**
05. একটি বুলেট কোন দেয়ালের মধ্যে 3 cm প্রবেশ করার পর এর বেগ $\frac{1}{5}$ হারায়। বুলেটটি ঐ দেয়ালে আর কতদূর প্রবেশ করবে? **Ans.** $\frac{16}{9}$ **cm**

CONCEPT 07 ➧ নদী ও স্রোত সংক্রান্ত গাণিতিক প্রয়োগ

Technique: নৌকার বেগ P, স্রোতের বেগ Q এবং নদীর প্রথ d হলে–

(i) স্রোতের অনুকূলে বেগ $= P + Q$

(ii) স্রোতের প্রতিকূলে বেগ $= P - Q$

(iii) ন্যূনতম দূরত্বে নদী পার/ সোজাসুজি নদী পার/ সমকোণে পৌঁছানো/ লম্বালম্বিভাবে নদী পার হতে লব্ধি বেগ $R = \sqrt{P^2 - Q^2}$

(iv) স্রোতের অনুকূলে যেতে প্রয়োজনীয় সময়, $t_1 = \frac{d}{P+Q}$ $[s = vt]$

(v) স্রোতের প্রতিকূলে যেতে প্রয়োজনীয় সময়, $t_2 = \frac{d}{P-Q}$

ন্যূনতম দূরত্বে পারাপার প্রয়োজনীয় সময় $t = \frac{d}{\sqrt{P^2 - Q^2}}$

(vi) ন্যূনতম সময়ে নদী পারাপারের ক্ষেত্রে লব্ধি বেগ $R = P\sin\alpha$ এবং নদী পারাপারের জন্য সময় $t = \frac{d}{P\sin\alpha}$

বিডিনিয়োগ.কম

❑ $\alpha = 90°$ হলে অর্থাৎ P ও Q পরস্পর লম্ব হলে (নদীর প্রস্থ বরাবর যাত্রা শুরু করলে) সবচেয়ে কম সময়ে নদী পার হবে এবং এই সময় $t_{min} = \frac{d}{p}$

$\Rightarrow \cos\alpha = -\frac{P}{Q}$

MODEL EXAMPLE-01 : লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় 18 কি.মি. ও 6 কি.মি. নদী পথে 48 কি.মি. অতিক্রম করে পুনরায় ফিরে আসতে কত সময় লাগবে?

GENERAL RULES & TIPS

স্রোতের অনুকূলে সময় লাগবে $\frac{48}{18+6} = 2$ ঘণ্টা

" প্রতিকুলে " " $= \frac{48}{18-6} = 4$ ঘণ্টা

$\therefore$ মোট সময় লাগবে = (2 + 4) = 6 ঘন্টা।

MODEL EXAMPLE-02 : স্রোতহীন অবস্থায় 100 m প্রশস্থ একটি নদী একজন সাতারু 4 মিনিটে সোজাসুজি পার হতে পারে। কিন্তু স্রোত থাকলে ঐ একই পথে তিনি নদীটি 5 মিনিটে অতিক্রম করতে পারেন। স্রোতের গতিবেগ নির্ণয় কর?

GENERAL RULES & TIPS

$u = \frac{100}{4} = 25$ m/min [s = vt]

সোজাসুজি পার হবার ক্ষেত্রে লব্ধি বেগ $= \sqrt{u^2 - v^2} = \frac{100}{5} \Rightarrow u^2 - v^2 = 20^2$

$v^2 = u^2 - 20^2 = 25^2 - 20^2 = 15$ m/min

MODEL EXAMPLE-03 : স্রোতের বেগের $\sqrt{2}$ গুণ মানের বেগে সাঁতার কেটে সাঁতারু নদীর অপর পাড়ে সোজাসুজি গিয়ে পৌঁছল। নদীর তীরের সাথে সাঁতারুর বেগের নতি নির্ণয় কর।

GENERAL RULES & TIPS

সাঁতারুর বেগ u এবং স্রোতের বেগ v হলে, সোজাসুজিভাবে পার হতে উৎপন্ন কোণ, $\alpha = \cos^{-1}\left(-\frac{v}{u}\right)$

$\therefore$ তীরের সাথে সাঁতারুর বেগের নতি, $\alpha = \cos^{-1}\left(-\frac{v}{\sqrt{2}v}\right) = 135°$

MODEL EXAMPLE-04 : নৌকা কোন নদীর স্রোতের সাথে সমকোণে যাত্রা করে যাত্রাবিন্দু হতে নদী বরাবর 1.5 কি.মি. দূরে অপর পাড়ে পৌঁছাল। নৌকার বেগ স্রোতের বেগের দ্বিগুণ হলে নদীর প্রস্থ কত?

GENERAL RULES & TIPS

চিত্র অনুসারে, $\frac{u}{2u} = \frac{BC}{AC}$ [u = স্রোতের বেগ, 2u = নৌকার বেগ]

$\Rightarrow \frac{1}{2} = \frac{1.5}{AC} \Rightarrow AC = 3$



NOW PRACTICES

01. একজন সাঁতারু স্রোতের বেগের দুই গুণ বেগে সাঁতার দিয়ে একটি নদীর অপর তীরে যাত্রাবিন্দুর বিপরীত বিন্দুতে পৌঁছাল। স্রোতের সাথে তার দিক নির্ণয় কর।

Ans. 120°

CONCEPT 08 ♦ আপেক্ষিক বেগ সংক্রান্ত

Technique:

i. দুটি বস্তু যখন একই দিকে গমন করে, তখন
A বস্তুর সাপেক্ষে B বস্তুর আপেক্ষিক বেগ $= V_B - V_A$ এবং
B বস্তুর সাপেক্ষে A বস্তুর আপেক্ষিক বেগ $= V_A - V_B$

ii. দুটি বস্তু যখন পরস্পর বিপরীত দিকে গমন করে, তখন–
A বস্তুর সাপেক্ষে B বস্তুর আঃ বেগ $= V_A + V_B$
B বস্তুর সাপেক্ষে A বস্তুর আঃ বেগ $= V_A + V_B$

বিডিনিয়োগ.কম

MODEL EXAMPLE-01 : স্রোতের বেগ 10 km/hr এবং নৌকার বেগ 5 km/hr নৌকাটি স্রোতের বিপরীত দিকে চালালে স্রোতের সাপেক্ষে নৌকাটির আপেক্ষিক বেগ কত?

GENERAL RULES & TIPS

স্রোতের বেগ, $V_A = 10$ km/hr, নৌকার বেগ, $V_B = 5$ km/hr

$\therefore$ স্রোতের সাপেক্ষে নৌকাটির আপেক্ষিক বেগ

$= V_A + V_B = 10 + 5 = 15$ km/hr

MODEL EXAMPLE-02 : সুন্দরবন ও সুবর্না ট্রেনদ্বয় ঢাকা থেকে খুলনার দিকে $12\ ms^{-1}$ ও $19\ ms^{-1}$ বেগে রওনা দিল। সুবর্নার আপেক্ষিক বেগ কত?

GENERAL RULES & TIPS

$V_A = 12\ ms^{-1}$, $V_B = 19\ ms^{-1}$
$\therefore$ সুবর্ণার আপেক্ষিক বেগ $= V_B - V_A = (19 - 12) = 7\ ms^{-1}$

CONCEPT 09 ▸ বেগের সামান্তরিক সূত্র

Technique:

P ও Q মানের দুটি সমবিন্দু বেগের মধ্যবর্তী কোণ α এবং লব্ধি R হলে,

i. $R = \sqrt{P^2 + Q^2 + 2PQ\cos\alpha}$

ii. যদি লব্ধি R, Q বেগের সাথে θ কোণে উৎপন্ন করে তবে $\tan\theta = \dfrac{Q\sin\alpha}{P + Q\cos\alpha}$

iii. $\alpha = 0$ হলে $R = \sqrt{P^2 + Q^2 + 2PQ\cos 0} = \sqrt{(P + Q)^2} = P + Q$

iv. $\alpha = 180°$ হলে $R = \sqrt{P^2 + Q^2 + 2PQ\cos 180°} = \sqrt{(P - Q)^2} = P - Q$

v. $\alpha = 90°$ হলে $R = \sqrt{P^2 + Q^2 + 2PQ\cos 90°} = \sqrt{P^2 + Q^2}$ এবং $\tan\theta = \dfrac{Q}{P}$

vi. $P = Q$ হলে $R = \sqrt{P^2 + P^2 + 2P^2\cos\alpha} = \sqrt{2P^2(1 + \cos\alpha)} = \sqrt{2P^2.2\cos^2\dfrac{\alpha}{2}} = 2P\cos\dfrac{\alpha}{2}$

অর্থাৎ, $\theta = \dfrac{\alpha}{2}$

অর্থাৎ দুটি সমমানের বেগের লব্ধি তাদের অন্তর্গত কোণকে সমদ্বিখন্ডিত করে।

MODEL EXAMPLE-01 : স্রোত না থাকলে একটি ছেলে 5 মিনিটে সাতার কেটে সোজাসুজিভাবে 80 মিটার প্রশস্ত একটি খাল পার হতে পারে এবং স্রোত থাকলে তার দ্বিগুণ সময় লাগে। স্রোতের বেগ-

GENERAL RULES & TIPS

$R^2 = (\sqrt{3})^2 + (\sqrt{3})^2 + 2.\sqrt{3}.\sqrt{3}.\cos 120°$
$\Rightarrow R^2 = 6 - 3 \quad \therefore R = \sqrt{3}$

MODEL EXAMPLE-02 : কোন বিন্দুতে পরস্পর লম্বভাবে ক্রিয়ারত দুটি বল $\vec{u}$ ও $\vec{v}$ এর লব্ধি কত?

GENERAL RULES & TIPS

লম্বভাবে ক্রিয়ারত বলে $\alpha = 90°$, লব্ধি $= \sqrt{u^2 + v^2}$

MODEL EXAMPLE-03 : কোন কণায় উপর একই সময়ে একই দিকে ক্রিয়াশীল দুইটি বেগ $12\ ms^{-1}$ এবং $5\ ms^{-1}$ হলে, তাদের লব্ধি বেগ কত?

GENERAL RULES & TIPS

লব্ধি বেগ $= P + Q = 12 + 5 = 17\ ms^{-1}$

NOW PRACTICES

বিডিনিয়োগ.কম

01. A ও B দুইটি বাস পরস্পর সমকোণে অনত দুইটি রাস্তা বরাবর যথাক্রমে 40 কি.মি./ঘ. ও 30 কি.মি./ঘ. বেগে চলছে। B বাসের যাত্রীদের ধারণা অনুসারে A বাসের বেগ কত? **Ans. 50 কি.মি./ঘ.**

STEP: 01: ANALYSIS OF GENERAL UNIVERSITY Q.

☆☆ DU ☆☆ | ☆☆ JnU ☆☆ | ☆☆ RU ☆☆

DU

01. একটি চলন্ত ট্রেনকে ব্রেক করে 10 সেকেন্ডে থামিয়ে দেওয়া হলো। ট্রেনটির গড় মন্দন $70\ m/sec^2$ হলে এর গতিবেগ কত ছিল? **[DU- 2018-19]**

A. 1000 m/sec B. 800 m/sec
C. 700 m/sec D. 500 m/sec

Sol^n শেষ $v = u + at$
$\Rightarrow 0 = u + (-70).10$

$\Rightarrow u = 700$ m/sec

02. u বেগে ও α কোণে প্রক্ষিপ্ত বস্তুকণার সর্বাধিক আনুভূমিক পাল্লা- **[DU 7Colege 18-19]**

A. $u^2(\sin 2\alpha)/g$ B. $u^2(\sin\alpha)/g$

C. u^2/g D. $u^2(\cos 2\alpha)/g$

S.A.B.C.D. Sol^n সূত্র

03. একটি গাড়ি স্থিরাবস্থা থেকে যাত্রা শুরু করে 5 সেকেন্ডে 50 মি./সে. গতি প্রাপ্ত হলে গাড়িটির গড় ত্বরণ- **[DU 7Colege 18-19]**

A. 10 মি./সে^{2}. B. 25 মি./সে^{2}.

C. 15 মি./সে^{2}. D. 5 মি./সে.

S.A.B.C.D. Sol^n See Concept: 01.

04. যদি u বেগে অনুভূমিকের সাথে α কোণে প্রক্ষিপ্ত বস্তু T সময়ে তার গতিপথের সর্বোচ্চ উচ্চত H এ পৌঁছায়, তবে $\frac{H}{T^2}$ হবে।

[DU 2017-2018, DU: 01-02, IU: 14-15, JNU: 07-08]

A. $\frac{2}{g}$ B. $\frac{g}{2}$ C. g D. $\frac{1}{g}$

S.A.B.C.D. Sol^n উত্থানকাল t এবং সর্বোচ্চ উচ্চতা H হলে

$t = \frac{u}{g}$ এবং $H = \frac{u^2}{2g}$ [সর্বোচ্চ উচ্চতার ক্ষেত্রে]

$\therefore \frac{H}{t^2} = \frac{u^2}{2g} = \frac{g^2}{u^2} = \frac{g}{2}$

05. 32 ft/s আদিবেগে এবং ভূমির সাথে 30° কোণে একটি বস্তু নিক্ষেপ করা হলো। ইহার ভ্রমণকাল- **[DU 2016-2017]**

A. 0.5 s B. 1 s C. 1.5 s D. 2 s

S.A.B.C.D. Sol^n ভ্রমণকাল, $T = \frac{2u\sin\alpha}{g} = \frac{2.32.\sin 30^\circ}{32} = 1$s Ans.

06. 32 ft/sec আদিবেগে এবং ভূমির সাথে 30° কোণে একটি বস্তু নিক্ষেপ করা হলো। ইহার আনুভূমিক পাল্লা- **[JNU 2017-2018, DU 2013-2014]**

A. 16 ft B. $32\sqrt{3}$ C. 32 ft D. $16\sqrt{3}$ ft

S.A.B.C.D. Sol^n আনুভূমিক পাল্লা,

$R = \frac{u^2\sin 2\alpha}{g} = \frac{(32)^2.\sin 2.30^\circ}{32} = 16\sqrt{3}$ft Ans.

07. একটি বস্তুকণা খাড়া উপরের দিকে প্রক্ষেপ করলে নির্দিষ্ট বিন্দু P-তে পৌঁছাতে t_1 সময় লাগে। যদি আরও t_2 সময় পর বস্তুটি ভূমিতে পতিত হয় তবে কণাটির সর্বোচ্চ উচ্চতা হবে- **[DU: 2012-13]**

A. $\frac{1}{2}g(t_1+t_2)^2$ B. $\frac{1}{8}g(t_1+t_2)^2$

C. $\frac{1}{2}g(t_1^2+t_2^2)$ D. $\frac{1}{8}g(t_1^2+t_2^2)$

S.A.B.C.D. Sol^n এখানে, $T = t_1 + t_2 = \frac{2u}{g} \Rightarrow u = \frac{(t_1+t_2)g}{2}$

$\therefore$ সর্বোচ্চ উচ্চতা, $H = \frac{u^2}{g} = \frac{(t_1+t_2)^2g^2}{4.2g} = \frac{(t_1+t_2)^2g}{8}$

08. u বেগে অনুভূমিকের সাথে α কোণে প্রক্ষিপ্ত বস্তুর সর্বোচ্চ উচ্চতা- **[DU: 12-13, 09-10, 95-96]**

A. $\frac{u^2\sin 2\alpha}{2g}$ B. $\frac{u^2\sin^2\alpha}{2g}$ C. $\frac{u^2\sin 2\alpha}{g}$ D. $\frac{u^2\sin^2\alpha}{g}$

S.A.B.C.D. Sol^n [সূত্র]

09. স্রোত না থাকলে একটি ছেলে 5 মিনিটে সাতার কেটে সোজাসুজিভাবে 80 মিটার প্রশস্ত একটি খাল পার হতে পারে এবং স্রোত থাকলে তার দ্বিগুণ সময় লাগে। স্রোতের বেগ: **[DU: 11-12]**

A. 15 m/min B. 12 m/min C. 16.5 m/min D. 13.86 m/min

S.A.B.C.D. Sol^n মনে করি, ছেলের বেগ u এবং স্রোতের বেগ v

$\therefore$ স্রোত থাকলে ছেলের লব্ধি বেগ= $\sqrt{u^2-v^2}$

$\therefore u = \frac{80}{5} = 16$ m/min

প্রশ্নমতে, $\sqrt{u^2-v^2}\times 10 = 80\ \sqrt{16^2-v^2}\times 10 = 80$

$\therefore$ স্রোতের বেগ, v = 13.86 m/min **Ans.**

10. কোন স্তম্ভের শীর্ষ হতে 19.5m/sec বেগে খাড়া উপরের দিকে প্রক্ষিপ্ত কোন কণা 5 sec পরে স্তম্ভের পাদদেশে পতিত হলে স্তম্ভের উচ্চতা-

[DU: 11-12, DU: 07-08, DU: 05-06, JNU: 06-07]

A. 25 m B. 50 m C. 20 m D. 30 m

S.A.B.C.D. Sol^n এক্ষেত্রে, u = 19.5 m/s, t= 5 s, g = 9.8 m/s^2

$\therefore h = -u + \frac{1}{2}gt^2 = -19.5\times 5 + \frac{1}{2}\times 9.8\times 5^2 = 25$ m.

[$\because$ স্তম্ভের শীর্ষ হতে বস্তু খাড়া উপরে প্রক্ষিপ্ত হয়]

11. একটি গাড়ী সমত্বরণে 30 km/hour আদিবেগে 100 km পথ অতিক্রম করে 50 km/hour চূড়ান্ত বেগ প্রাপ্ত হয়। গাড়িটির ত্বরণ- **[DU: 2010-11, JNU: 14-15]**

A. 8 km/h^2 B. 800 km/h^2 C. 16 km/ h^2 D. 80 km/h^2

S.A.B.C.D. Sol^n $a = \frac{v^2-u^2}{2s} = \frac{50^2-30^2}{2\times 100} = 8$ km/h^2 **Ans.**

12. 20 m/sec বেগে উর্ধ্বগামী কোন বেলুন থেকে পতিত এক টুকরা পাথর 20 সেকেন্ড পরে মাটিতে পড়ল। পাথরের টুকরা পতিত হওয়ার সময় বেলুনের উচ্চতা কত ছিল? **[DU: 09-10]**

A. 390 m B. 560 m C. 1250 m D. 1560 m

S.A.B.C.D. Sol^n $h = -ut + \frac{1}{2}gt^2 = -20\times 20\times + \frac{1}{2}\times 9.8\times 20^2$

=1560 m **Ans.**

13. প্রক্ষেপকের ভ্রমণকাল T, আনুভূমিক পাল্লা R এবং আনুভূমিকের সঙ্গে প্রক্ষেপণ কোন α হলে $\frac{T^2}{R}$ সমান- **[DU: 02-03]**

A. $\frac{2}{g}\tan\alpha$ B. $\frac{2}{g}\cot\alpha$ C. $\frac{g}{2}\tan\alpha$ D. $\frac{g}{2}\cot\alpha$

S.A.B.C.D. Sol^n আমরা জানি, $T = \frac{2u\sin\alpha}{g}$ এবং $R = \frac{u^2\sin 2\alpha}{g}$

$\therefore \frac{T^2}{R} = \frac{4u^2\sin^2\alpha}{g^2}\times\frac{g}{u^2 2\sin\alpha\cos\alpha} = \frac{2}{g}\tan\alpha$

14. একটি কণা স্থিতাবস্থা হতে সমত্বরণে এক সরলরেখায় চলে 2sec. এ 1 মিটার দূরত্ব যাওয়ার পর সমবেগে চলতে থাকে। পরবর্তী 1 মিটার যেতে কণাটির কত সময় লাগবে? **[DU: 1999-00]**

A. 1 sec B. 1.5 sec C. 2 sec D. 3 sec

বিডিনিয়োগ.কম

Sol^n (A) $s = \frac{1}{2}at^2 \Rightarrow 1 = \frac{1}{2} \times a \times 2^2 \Rightarrow a = \frac{1}{2}\ ms^{-2}$;

$v = u + at \Rightarrow v = 0 + \frac{1}{2} \times 2 = 1\ ms^{-1}$;

$t = \frac{s}{v} = \frac{1}{1} = 1s$ **Ans.**

15. একটি ট্রেন ষ্টেশন S এ স্থিতাবস্থা থেকে শুরু করে ধ্রুব ত্বরণ সহকারে চলতে থাকে। যাত্রা শুরুর 15sec. পরে ট্রেনটি সিগনাল বক্স B অতিক্রম করে এবং তখন তার দ্রুতি 22 ms^{-1}. ট্রেনটিকে একটি কণা বিবেচনা করে ষ্টেশন S ও সিগন্যাল বক্স B এর দূরত্ব আসন্ন মিটারে হিসাব করা হল। এই দূরত্ব কত? [DU: 1998-99]

A. 330 মিটার B. 300 মিটার C. 185 মিটার D. 165 মিটার

Sol^n (D) u = 0 m/s, v = 22 m/s, t = 15 sec

$\therefore a = \frac{v-u}{t} = \frac{22}{15}\ m/s^2$

$\therefore s = ut + \frac{1}{2}at^2 = \frac{1}{2} \times \frac{22}{15} \times (15)^2 = 11 \times 15 = 165m$

16. একটি কণা অনুভূমিক তল থেকে 78.4 মিটার উঁচু কোন স্থান থেকে অনুভূমিক ভাবে প্রক্ষেপ করা হয় এবং t সময় পরে তা ঐ অনুভূমিক তলে পতিত হয়। g = 9.8 m/sec^2 ধরা হলে t = ? [DU: 98-99]

A. 9.8 sec B. 7.8 sec C. 3 sec D. 4 sec

Sol^n (D) u = 0 m/s, h = 78.4 m, g = 9.8 m/s^2

$\therefore h = u\sin\alpha t + \frac{1}{2}gt^2$

$78.4 = \frac{1}{2} \times 9.8 \times t^2$

$\Rightarrow t^2 = \frac{78.4 \times 2}{9.8} \Rightarrow t = 4$ sec

17. একটি কণা অনুভূমিক তলের সংগে θ কোণে a বেগ সহকারে প্রক্ষেপ করা হল। আনুভূমিক তল থেকে কণাটির সর্বাধিক উচ্চতা কত হবে- [DU: 98-99]

A. $\frac{a^2\sin\theta}{2g}$ B. $\frac{a^2\sin 2\theta}{g}$ C. $\frac{a^2\sin^2\theta}{2g}$ D. $\frac{2a\sin\theta}{g}$

Sol^n (C) [সূত্র]

18. একটি কণার উপর 2m/sec, 3m/sec. ও 5m/sec. মানের তিনটি বেগ এমন তিনটি দিকে আরোপ করা হলো যেন কণাটি স্থিতিশীল থাকে। ক্ষুদ্রতর মানের বেগ দু'টির মধ্যবর্তী কোণের পরিমাপ কত? [DU: 10-11]

A. 30° B. 180° C. 0° D. 90°

Sol^n (C) ক্ষুদ্রবেগ দুটির মধ্যবর্তী কোণ α হলে,

$5^2 = 2^2 + 3^2 + 2.2.3\cos\alpha$

$\Rightarrow 12\cos\alpha = 12 \Rightarrow \cos\alpha = 1 \quad \therefore \alpha = \cos^{-1}(1) = 0°$

19. একটি কণা স্থিতাবস্থা থেকে ধ্রুব ত্বরণ 2m/sec^2 সহকারে চলতে শুরু করলে তৃতীয় সেকেন্ডে কণাটির অতিক্রান্ত দূরত্ব কত? [DU: 97-98]

A. 13 মিটার B. 9 মিটার C. 5 মিটার D. 4 মিটার

Sol^n (C) $s_{th} = u + \frac{1}{2}a(2t-1) = 0 + \frac{1}{2} \times 2 \times (2 \times 3 - 1) = 5m$ **Ans.**

20. একটি বস্তুকণার উপর 3, 5 ও 7 m/sec মানের তিনটি বেগ বিভিন্ন দিক হতে কার্যরত থাকলেও স্থিতিশীল রয়েছে। ক্ষুদ্রতর দুইটি বেগের মধ্যবর্তী কোণটির পরিমাণ কত? [DU: 96-97]

A. 90° B. 30° C. 60° D. 45°

Sol^n (C) ক্ষুদ্রতর বেগ দু'টির মধ্যবর্তী কোণ α হলে,

$7^2 = 3^2 + 5^2 + 2.3.5\cos\alpha$

বা, $30\cos\alpha = (49-34) = 15$

বা, $\cos\alpha = 0.5$ বা, $\alpha = \cos^{-1}(0.5) = 60°$ **Ans.**

21. একটি প্রক্ষেপককে অনুভূমিকের সঙ্গে α কোণে v বেগে নিক্ষেপ করলে সর্বোচ্চ উচ্চতা লাভের সময় কত হবে? [DU: 96-97; CU: 05-06]

A. $\frac{v^2\sin\alpha}{2g}$ B. $\frac{v^2\sin^2\alpha}{2g}$ C. $\frac{v\sin\alpha}{g}$ D. $\frac{v\sin\alpha}{2g}$

Sol^n (C) [সূত্র]

22. একটি প্রক্ষেপককে অনুভূমিকের সাথে 30° কোণে $8\sqrt{g}$ m/sec বেগে নিক্ষেপ করা হলে, তার সর্বোচ্চ উচ্চতা কত হবে? [DU: 1996-97]

A. 8m B. 18m C. 4m D. 32m

Sol^n (A) সর্বোচ্চ উচ্চতা

$H = \frac{u^2\sin^2\alpha}{2g} = \frac{(8\sqrt{g})^2\sin^2 30°}{2g} = 8m$ **Ans.**

23. একটি প্রক্ষেপককে 30 m/sec আদিবেগ সহকারে নিক্ষেপ করা হল যেখানে g = 10 m/sec^2. প্রক্ষেপকটির সর্বাধিক অনুভূমিক পাল্লা কত? [DU: 1995-96]

A. 30 m B. 90 m C. 300 m D. 900 m

Sol^n (B) $R_{max} = \frac{u^2}{g} = \frac{(30)^2}{10} \quad \therefore R_{max} = 90m$ **Ans.**

JnU

01. একটি গাড়ি স্থিতাবস্থা হতে সমত্বরণে চলা শুরু করে 5.0 সেকেন্ডে 75 মি:/সে: গতিবেগ প্রাপ্ত হল। গাড়িটির ত্বরণ- [JNU 15-16, DU 04-05, JNU 12-13]

A. 15 m/s^2 B. 12 m/s^2 C. 18 m/s^2 D. 7 m/s^2

Sol^n (A) এক্ষেত্রে, u = 0 m/s, v = 75 m/s, t = 5 s

∴ গাড়িটির ত্বরণ $a = \frac{v-u}{t} = \frac{75-0}{5} = 15\ m/s^2$ **Ans.**

02. 32 ft/sec আদিবেগে এবং ভূমির সাথে 15° কোণে একটি বস্তু নিক্ষেপ করা হলো। ইহার আনুভূমিক পাল্লা কত হবে? [JNU 2017-2018]

A. $16\sqrt{3}$ ft B. 32 ft C. 16 ft D. $32\sqrt{3}$ ft

Sol^n (C) আনুভূমিক পাল্লা,

$R = \frac{u^2\sin 2\alpha}{g} = \frac{(32)^2.\sin 2.15°}{32} = 16$ ft **Ans.**

03. একটি বস্তু উপর থেকে মুক্তভাবে 4 সেকেন্ডে পড়ল। বস্তুটি শেষের 2 সেকেন্ডে কত ফুট পড়েছিল? [JNU 2016-2017]

A. 128 ft B. 16 ft C. 96 ft D. 192 ft

Sol^n (D) 4 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব $= \frac{1}{2} \times 32 \times 4^2 = 256$ ফুট

আবার, প্রথম 2 সেকেন্ডে পড়েছিল $= \frac{1}{2} \times 32 \times 2^2 = 64$ ফুট

∴ শেষের 2 সেকেন্ডে পড়েছিল = (256 – 64) = 192 ফুট **Ans.**

04. একটি গাড়ী স্থিতিবস্থা থেকে সমত্বরণে চলা শুরু করে 5 sec এ 80 m/s গতিপ্রাপ্ত হল। গাড়ীটির ত্বরণ– [JnU: 2012-13]

A. 15 m/s^2 B. 20 m/s^2 C. 16 m/s^2 D. 30 m/s^2

Sol^n (C) $a = \frac{v-u}{t} = \frac{80-0}{5} = 16\ ms^{-2}$

05. $s = 6 + 4t - t^2$ হলে 2 সে. পর এর ত্বরণ কত হবে? [JNU 2011-2012]

A. 4m/s^2 B. –4m/s^2 C. 2m/s^2 D. –2m/s^2

Sol^n (D) $v = \frac{ds}{dt} = 4 - 2t \Rightarrow a = \frac{dv}{dt} = -2$

∴ 2 সে. পর ত্বরণ = –2m/s^2 Ans.

06. একটি প্রক্ষেপকের সর্বাধিক উচ্চতায় পৌছাবার সময়কাল কত?[JnU: 2011-12]

বিডিনিয়োগ.কম

A. $\frac{u^2}{g}$ B. $\frac{u\sin\alpha}{g}$ C. $\frac{u\sin\alpha}{2g}$ D. $\frac{u}{2g}$

Sol^n (B) সূত্র

07. u বেগে আনুভূমিকের সাথে α কোণে প্রক্ষিপ্ত বস্তুর সর্বোচ্চ উচ্চতা–[JnU: 10-11]

A. $\frac{u^2\sin2\alpha}{2g}$ B. $\frac{u^2\sin^2\alpha}{2g}$ C. $\frac{u^2\sin2\alpha}{g}$ D. $\frac{u^2\sin^2\alpha}{g}$

Sol^n (B) সূত্র

RU

01. একটি বিন্দু 12 সেকেন্ড সুষম ত্বরণে চলার পর তার বেগ সেকেন্ডে 56 কিলোমিটার থেকে 92 কিলোমিটার হলো। বিন্দুটির অতিক্রান্ত দূরত্ব কত? [RU- 2018-19]

A. 800 কি.মি. B. 880 কি.মি. C. 888 কি.মি. D. কোনোটিই নয়

Sol^n (C) $S = \bar{V}t = \frac{92+56}{2} \times 12 = 888$ Km

02. একটি টাওয়ারের চূড়া হতে একখন্ড পাথর 10m নিচে নামার পর অপর একখন্ড পাথর চূড়ার 30m নিচ হতে ফেলে দেয়া হলো। যদি উভয়েই স্থিরাবস্থা হতে পড়ে এবং একই সঙ্গে ভূমিতে পতিত হয়, তবে টাওয়ারের উচ্চতা কত মিটার? [RU- 2018-19]

A. 30 B. 40 C. 75 D. 80

Sol^n (B) $h = \frac{(x+y)^2}{4x} = \frac{(30+10)^2}{4\times10} = 40$ m

03. স্রোতের বেগের মানের √2 গুণ মানের বেগে সাঁতার কেটে একজন সাঁতারু নদীর অপর পাড়ে সোজাসুজি গিয়ে পৌঁছল। নদীর তীরের সাথে সাঁতারুর বেগের নতি নির্ণয় কর। [RU 2017-2018, IU 2007-2008]

A. 90° B. 105° C. 135° D. 150°

Sol^n (C) সাতারুর বেগ u এবং স্রোতের বেগ v হলে, সোজাসুজিভাবে পার হতে উৎপন কোণ, $\cos\alpha = \left(-\frac{v}{u}\right)$;

∴ তীরের সাথে সাঁতারুর বেগের নতি, $\alpha = \cos^{-1}\left(-\frac{1}{\sqrt{2}}\right) = 135°$ Ans.

04. 10 মি./সে. বেগে খাড়া ঊর্ধ্বগামী একটি বেলুন থেকে একখন্ড পাথর ফেলে দেয়া হল। পাথরখন্ডটি 10 সেকেন্ডে ভূমিতে পতিত হলে, কত মিটার উচ্চতা থেকে পাথরখন্ডটি ফেলা হয়েছিল? [RU 2017-2018]

A. 360 B. 370 C. 380 D. 390

Sol^n (D) h উচ্চতা হতে পাথরটি পতিত হলে,

$h = -10\times10 + \frac{1}{2}\times9.8\times10^2 = 390$ m.

05. একটি বুলেট কোন দেওয়ালের ভিতর 3 সে.মি. প্রবেশ করতে তার অর্ধেক বেগ হারায়। বুলেটটির বেগ শুন্য হবার পুর্বে বুলেটটি দেওয়ালের ভিতর আর কতদূর প্রবেশ করবে? [RU 2017-2018, RU 2009-2010]

A. $\frac{1}{2}$ সে.মি. B. $\frac{3}{2}$ সে.মি. C. 1 সে.মি. D. $1\frac{1}{2}$ সে.মি.

Sol^n (C) গুলিটি আরও x দূরত্ব ভেদ করলে, $x = \frac{s}{3} = \frac{3}{3} = 1$cm Ans.

06. একটি বাঘ 20 m দুরে একটি হরিণ দেখে স্থিরাবস্থা থেকে 3 ms^{-2} ত্বরণে তার পশ্চাতে দৌড়াল। হরিণটি 13 ms^{-1} সমবেগে সরলপথে দৌড়াতে থাকলে কত দুরে বাঘটি হরিণকে ধরতে পারবে? [RU 2017-2018]

A. 150 m B. 130 m C. 300 m D. 330 m

Sol^n (A) **See Concept: 01.**

07. দুইটি বল যার একটি 10 নিউটন বিশিষ্ট এবং বলদ্বয় 120° কোণে ক্রিয়া করলে লব্ধির মান উল্লেখিত বলটির সমান হয়, অপর বলটির মান কত?[RU: 2017-18]

A. 20 নিউটন B. 0 অথবা 10 নিউটন
C. 15 নিউটন D. 5 নিউটন

Sol^n (B) $R^2 = P^2 + Q^2 + 2PQ\cos\theta$

$\Rightarrow 10^2 = 10^2 + Q^2 + 2.10.Q.\left(-\frac{1}{2}\right)$

$\Rightarrow Q^2 - 10Q = 0 \Rightarrow Q(Q-10) = 10$

∴ Q = 0 অথবা 10N

08. একটি চলমান বস্তুকণা 10 ms^{-1} আদিবেগে এবং – 3 ms^{-2} সুষম ত্বরণে সরলরেখা বরাবর যাত্রা করে 16 মিটার অতিক্রম শেষে বস্তুটির বেগ কত মিটার/সে. হবে? [RU: 2017-18]

A. 196 B. 14 C. 4 D. 2

Sol^n (D) $v^2 = u^2 + 2as = 10^2 + 2.(-3).16 = 4$

∴ $v = 2ms^{-1}$

09. একটি বস্তুকণা 35 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের পরিধি বরাবর 10 সেকেন্ডে একটি ব্যাসের এক প্রান্ত থেকে অপর প্রান্তে যায়। বস্তুকণাটির গড়বেগ কত? [RU: 2017-18]

A. 5 সে.মি./সে. B. 7 সে.মি./সে. C. 9 সে.মি./সে. D. 11 সে.মি./সে.

Sol^n (B) গড়বেগ = $\frac{\text{মোট দূরত্ব}}{\text{মোট সময়}} = \frac{35\times2}{10} = 7$ সে.মি./সে.

10. আনুভূমিকের সাথে θ কোণে নত একটি মসৃণ তলে অবস্থিত m ভরের একটি ছোট বস্তু P এর উপর F পরিমাণ আনুভূমিক বল প্রয়োগ করা হলে, F বলটি P বস্তুকে কেবলমাত্র সাম্যাবস্থায় রাখতে সমর্থ হয়। F- এর মান কত?[RU: 2017-18]

A. mcotθ B. mtanθ C. mgcotθ D. mgtanθ

Sol^n (D) $\tan\theta = \frac{F}{mg}$

$\Rightarrow F = mg\tan\theta$



11. একজন সাইকেল চালক সোজাপথে 3 ঘণ্টায় 30 কি.মি. যাওয়ার পর প্রথম রাস্তার সাথে লম্বভাবে অপর একটি পথে 8 কি.মি./ঘণ্টা বেগে 5 ঘণ্টা চলল। তার গড়বেগ কত? [RU: 2017-18]

A. $6\frac{1}{4}$ কি.মি./ঘণ্টা B. $6\frac{1}{2}$ কি.মি./ঘণ্টা

C. $6\frac{3}{4}$ কি.মি./ঘণ্টা D. কোনটিই নয়

Sol^n (A) ১ম পথের দূরত্ব = 30 কি.মি.

২য় পথের দূরত্ব = (8 × 5) = 40 কি.মি.

∴ মোট দূরত্ব = $\sqrt{30^2 + 40^2}$ = 50 কি.মি.



মোট সময় = 3 + 5 = 5 ঘণ্টা

∴ গড়বেগ = $\frac{\text{মোট দূরত্ব}}{\text{মোট সময়}} = \frac{50}{8} = 6\frac{1}{4}$ কি.মি./ঘণ্টা

12. একটি শূন্য কূপের মধ্যে একখণ্ড পাথরের টুকরা ছেড়ে দেয়ার পর তা 19.6 মি./সে. বেগে কূপের তলদেশে পতিত হয়। কূপের গভীরতা কত মিটার? [RU: 2017-18]

A. 9.8 B. 32.0 C. 16.5 D. 19.6

Sol^n (D) $v^2 = u^2 + 2gh$

$\Rightarrow (19.6)^2 = 0 + 2\times9.8\times h \Rightarrow h = 19.6$ m

13. একটি তীর একটি মাটির দেয়ালের ভিতর 3 ইঞ্চি ঢুকবার পর তার অর্ধেক বেগ হারায়। তীরটির বেগ শূন্য হওয়ার পূর্বে দেয়ালের ভিতর আর কত ইঞ্চি ঢুকবে? [RU: 2017-18]

বিডিনিয়োগ.কম

A. 1 B. $\frac{1}{2}$ C. $\frac{1}{3}$ D. $\frac{2}{3}$

Sol^n (A) টেকনিক: একটি বুলেট কোন দেয়ালের মধ্যে s দূরত্ব যাওয়ার পর যদি এর বেগ $\frac{1}{n}$ অংশ হারায়, তবে ঐ বুলেট দ্বারা আরও অতিক্রান্ত দূরত্ব

$= \frac{(n-1)^2}{2n-1} \times s$

$\therefore s' = \frac{(n-1)^2}{2n-1} \times s = \frac{(2-1)^2}{2\times 2-1} \times 3'' = 1''$

14. বায়ুশূন্য স্থানে প্রক্ষিপ্ত বস্তুকণার গতিপথ একটি-
[RU 2015-2016, KU 2015-2016, RU 2016-2017]

A. বৃত্ত B. অধিবৃত্ত C. পরাবৃত্ত D. সরলরেখা

Sol^n (C) ?

15. প্রক্ষিপ্ত বস্তুর সর্বাধিক উচ্চতায় পৌঁছাতে সময় t = ? **[RU 2016-2017]**

A. $\frac{u^2\sin^2\alpha}{2g}$ B. $\frac{u^2\sin\alpha}{2}$ C. $\frac{uSin\alpha}{g}$ D. $\frac{uSin\alpha}{2}$

Sol^n (C) সূত্র

16. বৃষ্টি চলাকালীন সময়ে একজন লোক 15 মি./সে. বেগে চলছে। যদি বৃষ্টি 15 মি./সে. বেগে খাড়া নিচের দিকে পড়ে, তবে বৃষ্টি থেকে বাঁচতে হলে ঐ লোকটিকে আনুভূমিকের সাথে কত ডিগ্রী কোণে ছাতা ধরতে হবে? **[RU 2016-2017]**

A. 90 B. 60 C. 45 D. 30

Sol^n (C) $\tan\theta = \frac{15}{15}$ $\therefore \theta = \tan^{-1}(1) = 45°$

17. ভূমি হতে u আদিবেগে খাড়া উর্ধ্বমুখে নিক্ষিপ্ত কোন কণার সর্বোচ্চ উচ্চতা -
[RU 15-16, DU: 10-11, IU: 04-05]

A. $\frac{u}{2g}$ B. $\frac{u^2}{g}$ C. $\frac{u^2}{2g}$ D. $\frac{2u}{g}$

Sol^n (C) [সূত্র]

18. রাইফেলের একটি গুলি একটি তক্তা ভেদ করে। গুলির বেগ তিনগুণ করা হলে একই পুরুত্বের কয়টি তক্তা ভেদ করবে? **[RU 2014-2015]**

A. 3 B. 9 C. 12 D. 18

Sol^n (C) গুলির বেগ তিনগুণ করা হলে আরো $3^2 = 9$ টি তক্তা ভেদ করতে পারবে।

19. ভূমি হতে 19.6 m/sec বেগে খাড়া উপরের দিকে কোন বস্তু নিক্ষিপ্ত হলে কতক্ষণ পরে ভূমিতে পতিত হবে? **[RU 2011-2012]**

A. 3 sec B. 4 sec C. 5 sec D. 6 sec

Sol^n (B) $T = \frac{2u}{g} = \frac{2\times 19.6}{9.8} = 4s$ Ans.

20. একটি বল স্থিতি অবস্থায় 5 kg ভরের উপর 3 sec ক্রিয়া করে থেকে যায়। ভরটি পরবর্তী 3 sec এ 72 m অতিক্রম করে। বলের পরিমান কত? **[RU 2011-2012]**

A. 32 dyne B. 32 N C. 40 dyne D. 40 N

Sol^n (D) $v = \frac{s}{t} = \frac{72}{3} = 24ms^{-1}$

$\therefore$ বলের পরিমাণ $F = m\frac{v}{t} = 5\times\frac{24}{3} = 40N$ Ans.

21. 64 ft/sec বেগে খাড়া উপরের দিকে উৎক্ষিপ্ত একটি বস্তুর সর্বোচ্চ উচ্চতা কত?
[RU 2011-2012]

A. 32 ft B. 48 ft C. 64 ft D. 80 ft

Sol^n (C) $H = \frac{u^2}{2g} = \frac{64^2}{2\times 32} = 64$ ft Ans.

22. একটি বস্তু 39.2 মি:/সে: বেগে ভূমির সাথে 30° কোণে নিক্ষিপ্ত হলে কত সময় পড়ে বস্তুটি নিক্ষেপের দিকের সাথে লম্বভাবে চলবে? **[RU 2009-2010]**

A. 10 সে: B. 8 সে: C. 6 সে: D. 4 সে:

Sol^n (B) সময় $t = \frac{u}{g\sin\alpha} = \frac{39.2}{9.8\sin 30°} = 8$ সে: Ans.

23. 36 মিটার/সেকেন্ড. বেগে চলন্ত একটি ট্রেনের যাত্রীর নিকট মনে হয় যে বৃষ্টির ধারা উল্লম্বের সাথে $\sin^{-1}\left(\frac{3}{\sqrt{13}}\right)$ কোণ উৎপন্ন করে। বৃষ্টির গতিবেগ কত হবে?
[RU 2009-2010]

A. 18 মি./সে. B. 24 মি./সে. C. 12 মি./সে. D. 9 মি./সে.

Sol^n (B) মনে করি, ট্রেনের যাত্রীর বেগ u এবং বৃষ্টির বেগ v।

আমরা জানি, $\tan\theta = \frac{u}{v}$

$\therefore \tan\left(\sin^{-1}\frac{3}{\sqrt{13}}\right) = \frac{36}{v} \Rightarrow v = 24$ মি./সে. Ans.

STEP: 02: ANALYSIS OF GENERAL UNIVERSITY Q.

JU | CU | KU | BRU | BU | IU

JU

01. 32 ft/Sec আদিবেগে এবং ভূমির সাথে 30° কোণে একটি বস্তু নিক্ষেপ করা হলো। ইহার ভ্রমণকাল কত? **[RU- 2018-19]**

A. 0.5s B. 1s C. 1.5s D. 2s

Sol^n (B) $T = \frac{2u\sin\alpha}{g} = \frac{2\times 32\times\sin 30°}{32} = 1s$

02. স্থির অবস্থা থেকে যাত্রা করে একটি কণা 3 সেকেন্ডে 18m অতিক্রম করলে ৪র্থ সেকেন্ডে কত দূরত্ব অতিক্রম করবে? **[RU- 2018-19]**

A. 12m B. 14m C. 16m D. 20m

Sol^n (B) **See Concept: 04.**

03. 32ft/sec আদিবেগ এবং ভূমির সাথে 30° কোনে একটি বস্তু নিক্ষেপ করা হলে আনুপাতিক পাল্লা কত? **[RU- 2018-19]**

A. 16ft B. $16\sqrt{3}$ft C. 32ft D. $16\sqrt{3}$ft

Sol^n (B) $R = \frac{u^2\sin 2\alpha}{g} = \frac{(32)^2\sin 2\times 30}{32} = 16\sqrt{3}$ ft

04. কোনো প্রক্ষেপকের আদি নিক্ষেপণ বেগ দ্বিগুণ বৃদ্ধি করা হলে নিচের কোন্‌টি সঠিক? **[RU- 2018-19]**

A. আনুভূমিক পাল্লা দ্বিগুণ হবে B. আনুভূমিক পাল্লা তিনগুণ হবে
C. আনুভূমিক পাল্লা চারগুণ হবে D. কোনটি নয়

Sol^n (C) **See Concept: 05.**

05. একটি বুলেট কোন দেয়ালের মধ্যে 2 ইঞ্চি ঢুকার পর উহার অর্ধেক বেগ হারায়। বুলেটটি দেওয়ালের মধ্যে আরও কত দূর ঢুকবে?
[JU 2016-2017, IU 2016-2017, RU 2016-2017, DU 09-10]

A. 2″ B. $\left(\frac{2}{3}\right)''$ C. 1″ D. $\left(\frac{1}{2}\right)''$

Sol^n (B) এক্ষেত্রে, $\frac{1}{n} = \frac{1}{2} \therefore n = 2, s = 2''$

$\therefore x = \frac{s}{n^2-1} = \frac{2}{2^2-1} = \left(\frac{2}{3}\right)''$ **Ans.**

06. একটি বস্তু 9.8m/sec বেগে 30 ডিগ্রী কোনে 9.8 মিটার বাড়ির ছাদেও উপর থেকে নিক্ষেপ করা হলো। কতক্ষণ পর বস্তুটি ভূমিতে পড়বে? **[JU 2016-2017]**

বিডিনিয়োগ.কম

A. 4 sec B. 2 sec C. 6 sec D. 1 sec

Sol^n (D) $h = u\sin\alpha + \frac{1}{2}gt^2$

$\Rightarrow 9.8 = 9.8\sin 30° + \frac{1}{2}9.8 \times t^2$

$\Rightarrow 9.8 = 9.8\left(\sin 30° + \frac{1}{2}t^2\right) = \frac{1}{2}t^2 = \frac{1}{2}$ $\therefore t = 1$ sec

07. একটি ট্রেন স্থিরাবস্থা হতে 4 ft/sec^2 ত্বরণে চলা শুরু করার পর ঘণ্টায় 30 মাইল বেগে যেতে তার কত second লাগবে? [JU: A 2016-17]

A. 8 B. 9 C. 10 D. 11

Sol^n (D) $v = 30$ mile/h $= \frac{30 \times 1760 \times 3}{3600} = 44$ ft/s

$\therefore v = u + at \Rightarrow 44 = 0 + 4t \Rightarrow t = 11$ sec

08. একটি বাঘ একটি হরিণের 4 মিটার পিছনে থেকে ধরার জন্য স্থির অবস্থা থেকে 2 m/sec^2 সমত্বরণে দৌড়াতে শুরু করলো। হরিণটি 3 m/sec সমবেগে দৌড়ালে বাঘটি কখন হরিণকে ধরতে পারবে? [JU: H 2016-17]

A. 1 sec B. 5 sec C. 2 sec D. 4 sec

Sol^n (D) বাঘ, $s_1 = 0 + \frac{1}{2}.2.t^2 = t^2$

হরিণ, $s_2 = 3t$

$\therefore s_1 - s_2 = 4 \Rightarrow t^2 - 3t = 4$

$\Rightarrow t^2 - 3t - 4 = 0 \quad \therefore t = 4$

09. একটি বস্তু 9.8 m/sec বেগে 30 ডিগ্রী কোণে 9.8 মিটার বাড়ির ছাদের উপর থেকে নিক্ষেপ করা হলো। কতক্ষণ পর বস্তুটি ভূমিতে পড়বে? [JU: H 2016-17]

A. 4 sec B. 2 sec C. 6 sec D. 1 sec

Sol^n (D) $h = u\sin\alpha.t + \frac{1}{2}gt^2$

$\Rightarrow 9.8 = 9.8\sin 30°.t + \frac{1}{2} \times 9.8 \times t^2$

$\Rightarrow t^2 + t - 2 = 0 \Rightarrow t = 1$

10. প্রতি সেকেন্ডে 981 সে.মি. সুষম বেগে ঊর্ধ্বগামী একটি বেলুন থেকে একটি পাথরের টুকরা ফেলে দেয়া হলো। পাথরটি 10 সেকেন্ডে ভূমিতে পতিত হলে, পাথরটি ফেলে দেয়ার সময় ভূমি থেকে বেলুনের উচ্চতা কত হবে? [JU: 15-16]

A. 293.4 মিটার B. 932.4 মিটার C. 492.4 মিটার D. 392.4 মিটার

Sol^n (D) বেলুনের উচ্চতা, $h = -ut + \frac{1}{2}gt^2$

$= -9.81 \times 10 + \frac{1}{2} \times 9.8 \times 10^2 = 392.4$ মিটার।

11. 36 কে.জি. ভরের একটি বস্তুর উপর কি পরিমাণ বল প্রয়োগ করলে এক মিনিটে এর বেগ ঘণ্টায় 15 কি.মি. বৃদ্ধি পাবে? [JU: 2015-16]

A. 2.5 N B. 2 N C. 3.5 N D. 3 N

Sol^n (A) প্রযুক্ত বল $F = mf = 36 \times \frac{15 \times 1000}{60 \times 60 \times 60} = 2.5$ N

12. কোন বস্তুর গড় বেগ বলতে বুঝায় আদি ও শেষ বেগের- [JU 2015-2016]

A. ভাগফল B. গুন C. পার্থক্য D. গড়

Sol^n (D) ?

13. 36 কে.জি. ভরের একটি বস্তুর উপর কি পরিমাণ বল প্রয়োগ করলে এক মিনিটে এর বেগ ঘন্টায় 15 কি.মি. বৃদ্ধি পাবে? [JU 2015-2016]

A. 3.5 N B. 3 N C. 2.5 N D. 2 N

Sol^n (C) ?

14. প্রতি সেকেন্ডে 981 সে.মি. সুষম বেগে ঊর্ধ্বগামী একটি বেলুন থেকে একটি পাথরের টুকরা ফেলে দেয়া হলো। পাথরটি 10 সেকেন্ডে ভূমিতে পতিত হলে, পাথরটি ফেলে দেয়ার সময় ভূমি থেকে বেলুনের উচ্চতা কত হবে? [JU 2015-16]

A. 293.4 মিটার B. 392.4 মিটার C. 492.4 মিটার D. 932.4 মিটার

Sol^n (B) $h = -ut + \frac{1}{2}gt^2$

$= -9.81 \times 10 + \frac{1}{2} \times 9.8 \times (10)^2 = 392$ মিটার।

15. কোন কণার উপর একই সময়ে একই দিকে ক্রিয়াশীল দুইটি বেগ 12ms^{-1} এবং 5ms^{-1} হলে, তাদের লব্ধি বেগ কত? [JU 2014-2015]

A. 12 ms^{-1} B. 16 ms^{-1} C. 17 ms^{-1} D. 10 ms^{-1}

Sol^n (C) বলদ্বয় একইদিকে ক্রিয়াশীল বলে,

লব্ধি $= P + Q = 12 + 5 = 17$ ms^{-1} (Ans.)

16. যদি স্রোতের বেগ u এবং নৌকার বেগ 2u হয়, তবে নদীর প্রস্থ AD = ? [JU: 2011-12]



A. 1 km B. 3 km C. 2.25 km D. 4 km

Sol^n (B) $\frac{1.5}{AD} = \frac{u}{2u}$ $\therefore AD = 3$km

17. 20 ms^{-1} বেগে গতিশীল একটি বস্তুর বেগ প্রতি সেকেন্ডে 3 ms^{-2} হারে হ্রাস পায়। থেমে যাওয়ার আগে বস্তুটি কত দূরত্ব অতিক্রম করবে? [JU: 2010-11]

A. 67.66 m B. 66.67 m C. 76.66 m D. 96.67 m

Sol^n (B) $v^2 = u^2 - 2as$

$\Rightarrow s = \frac{u - v^2}{2a} = \frac{20^2 - 0}{2 \times 3} = 66.67$ m

18. একটি বস্তু 24.5 মিঃ/সেঃ বেগে আনুভূমিক তলের সাথে 60° কোণে নিক্ষেপ করা হল। বস্তুটি যে উচ্চতায় উঠে তা বের করার পদ্ধতিঃ [JU 2009-2010]

A. $(24.5)^2 \sin 60° / (2\times9.8)$ B. $(24.5)^2 \sin^2 60°/(2\times9.8)$

C. $(24.5)^2 \cos 60° / (2\times9.8)$ D. $(24.5)^2 \sin^3 60°/(2\times9.8)$

Sol^n (B) উচ্চতা, $H = \frac{u^2\sin^2\alpha}{2g} = (24.5)^2\sin^2 60^0/(2\times9.8)$ **Ans.**

CU

01. একটি কণার গতির সমীকরণ s(t)=3t + 5t^2 হলে t =10 সময়ে কণাটির গতিবেগ কত? [CU 2017-2018]

A. 100 B. 101 C. 102 D. 103

Sol^n (D) $v = \frac{ds}{dt} = 3 + 10t$

$\therefore$ t =10 হলে , v = 3 + 10.10 = 103 (Ans.)

02. u বেগে অনুভূমিকের সাথে 30° কোণে নিক্ষিপ্ত বস্তুকণার সর্বোচ্চ উচ্চতা কত হবে? [CU: 2017-18]

A. $\frac{u^2}{2g}$ B. $\frac{u^2}{4g}$ C. $\frac{u^2}{8g}$ D. $\frac{u^2}{16g}$

Sol^n (C) $H = \frac{u^2\sin^2\alpha}{2g} = \frac{u^2\sin^2 30°}{2g} = \frac{u^2}{8g}$

03. 5 কেজি ভরের একটি বস্তু মাধ্যাকর্ষণের প্রভাবে 40 মি./সে. বেগে নিচে পড়ছে। কি পরিমাণ সমবল তাকে 4 সেকেন্ডে থামিয়ে দিবে? [CU: J 2016-17]

A. 98 নিউটন B. 97 নিউটন

C. 99 নিউটন D. 100 নিউটন E. 50 নিউটন

Sol^n (E) $F = m.\frac{u - v}{t} = 5.\frac{40 - 0}{4} = 50$N

বিডিনিয়োগ ব্লগ

04. একজন সাঁতারু স্রোতের বেগের দুই গুণ বেগে সাঁতার দিয়ে একটি নদীর অপর তীরে যাত্রাবিন্দুর বিপরীত বিন্দুতে পৌঁছল। স্রোতের সাথে তার দিক নির্ণয় কর। [CU: F 2015-16]

A. 90° B. 45°
C. – 45° D. 30° E. 120°

Sol^n $\alpha = \cos^{-1}\left(\frac{-\text{স্রোতের বেগ}}{\text{সাতারুর বেগ}}\right) = \cos^{-1}\left(\frac{-P}{2P}\right) = 120°$

05. একটি গাড়ী স্থিতাবস্থা হতে সমত্বরণে চলা শুরু করে 5 সেকেন্ডে 180 মি./সে. গতিবেগ প্রাপ্ত হল। গাড়ীটির ত্বরণ- [CU 15-16, DU 06-07]

A. 36 m/sec^2 B. 32 m/sec^2 C. 30 m/sec^2 D. 40 m/sec^2

Sol^n এক্ষেত্রে, u= 0 m/s, v =180 m/s, t =5 s

$\therefore\ a = \frac{v-u}{t} = \frac{180}{5} = 36\ m/s^2$ **Ans.**

06. খাড়া উপরের দিকে নিক্ষেপিত একটি বস্তু সর্বোচ্চ 64 ফুট উচ্চতায় উঠলে নিক্ষেপণ বেগের মান হচ্ছে- [CU 2014-2015]

A. 64 ft/sec B. 32 ft/sec
C. 16 ft/sec D. 48 ft/sec E. 24 ft/sec

Sol^n ধরি, নিক্ষেপ বেগ = u. $\therefore\ H = \frac{u^2}{2g}$

$\Rightarrow u^2 = H \times 2g = 64 \times 2 \times 32 = 64^2\ \therefore$ u = 64 ft/sec (Ans.)

07. কোন লোক 12 মিনিটে 4800 ফুট পথ গেলে তার বেগ মাইল/ঘণ্টা এককে কত? [CU: A 2013-14]

A. $4\frac{5}{6}$ B. $4\frac{5}{11}$
C. $3\frac{6}{11}$ D. $3\frac{5}{11}$ E. $4\frac{6}{11}$

Sol^n ফুটকে মাইলে নিলে 4800 ft = $\frac{4800}{5280}$ mile

$\therefore$ বেগ, $V = \frac{5}{t} = \frac{\frac{4800}{5280}}{\frac{12}{60}} = 4\frac{6}{11}$ mile/hr.

08. একটি কণা খাড়া উপরের দিকে এমনভাবে নিক্ষেপ করা হল যে একটি মাত্র 49 ফুট উর্ধ্বে উঠতে পারে। কণাটির আদি বেগের মান হবে- [CU: C3 2013-14]

A. 22 ফুট/সে. B. 25 ফুট/সে.
C. 36 ফুট/সে. D. 50 ফুট/সে. E. 56 ফুট/সে.

Sol^n $h = \frac{u^2}{2g} \Rightarrow u = \sqrt{2gh} = \sqrt{2 \times 32 \times 49} = 56$ ফুট/সে.

09. একটি প্রক্ষেপককে কত আদিবেগে নিক্ষেপ করা হলে সর্বাধিক অনুভূমিক পাল্লা 90 মিটার হবে, যেখানে g = 10 m/sec^2. [CU: 12-13, DU: 96-97]

A. 30 m/sec B. 40 m/sec C. 90 m/sec D. 50 m/sec

Sol^n $R_{max} = \frac{u^2}{g}$ বা, $90 = \frac{u^2}{10}$

বা, $u^2 = 900$ $\therefore$ u = 30 m/s **Ans.**

10. একটা বল আকাশে নিক্ষেপ করায় সর্বোচ্চ h ইউনিট উচ্চতায় উঠার পর এটা আবার পৃথিবীতে ফিরে আসলো। h ইউনিট দূরত্বে $\frac{ds}{dt}$ (বেগ)- [CU: G 12-13]

A. = h B. > h
C. < h D. 0 E. $= \frac{h}{8}$

Sol^n সর্বাধিক উচ্চতায় বস্তুর বেগ (শেষ বেগ বা তাৎক্ষণিক বেগ) শূন্য হয়।

11. একটি বস্তুকণাকে U আদিবেগে খাড়া উপরের দিকে নিক্ষিপ্ত করার পর ইহা বৃহত্তম উচ্চতায় পৌঁছে মাটিতে ফিরে আসল। বস্তুকণাটির বিচরণ কাল কত হবে? [CU: c3 2011-12]

A. $\frac{U^2}{2G}$ B. $\frac{U}{2G}$
C. $\frac{U}{G}$ D. $\frac{2U}{G}$ E. কোনটিই নয়

Sol^n সূত্র

12. আনুভূমিক তলের পাল্লা সর্বোচ্চ পাল্লার অর্ধেক হলে প্রক্ষিপ্ত কোণ কত? [CU 2011-2012]

A. 30° B. 45° C. 60° D. 15° E. 90°

Sol^n **See Concept: 05.**

13. আনুভূমিক তলের পাল্লা সর্বোচ্চ পাল্লার অর্ধেক হলে প্রক্ষিপ্ত কোণ কত?[CU: A 2011-12]

A. 30° B. 45°
C. 60° D. 15° E. 90°

Sol^n $\frac{u^2 \sin 2\alpha}{g} = \frac{1}{2} \times \frac{u^2}{g}$

$\Rightarrow \sin 2\alpha = \frac{1}{2} \Rightarrow 2\alpha = 30° \quad \therefore \alpha = 15°$

14. একটি মানুষ একটি পাথর ঠিক 392 ফুট ছুড়তে পারে তবে নিক্ষেপের গতি কোনটি? [CU 2011-2012]

